

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৪২, গণকের কথা বিশ্বাস করবেন না

দুর্যোগের ভবিষৎবাণী (যা কদাচিৎ ঘটতে পারে) এবং পূর্বকুলক্ষণ (অধিকাংশ সময়েই মিথ্যা) বহু মানুষের মনে ভয়ের সঞ্চার করে। "শয়তান তোমাদেরকে অভাবের ভয় দেখায় এবং তোমাদেরকে (কুকাজ, অবৈধ যৌন ক্রিয়াকলাপ ও পাপ ইত্যাদি) ফাহেশা কাজ করার জন্য আদেশ করে; অথচ আল্লাহ তোমাদেরকে তার পক্ষ থেকে ক্ষমা ও দানের প্রতিশ্রুতি দিচ্ছেন। আর আল্লাহ প্রাচুর্যময় মহাজ্ঞানী।" (২-সূরা আল বাকারাঃ আয়াত-২৬৮)

উদ্বিগ্নতা, অনিদ্রা ও ক্ষত হলো হতাশা ও দুশ্চিন্তার কুফল। একজন আরব কবি বলেছেন- "আমাদেরকে শাস্তি দিবেন না। কারণ, আমরা তো আগেই শাস্তি পেয়েছি, দুশ্চিন্তার মাধ্যমে, যা আমাদেরকে গভীর রাত পর্যন্ত জাগিয়ে রাখে।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=7651

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন